

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৬৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - আল্লাহ তা'আলার রহমতের ব্যাপকতা

بَابُ سَعْةِ رَحْمَةِ اللهِ

আরবী

وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ عَنْ سَلْمَانَ نَحْوُهُ وَفِي آخِرِهِ قَالَ: «فَإِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ أَكْمَلَهَا بِهَذِهِ الرَّحْمَة»

বাংলা

২৩৬৬-[৩] মুসলিম-এর এক বর্ণনায় সালমান ফারসী (রাঃ) হতে অনুরূপ একটি বর্ণনা রয়েছে। এর শেষের দিকে আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের দিন আল্লাহ তা'আলা ঐ সকল রহমত দিয়ে তাকে পূর্ণতা দান করবেন।[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭৫৩, ইবনু হিববান ৬১৪৬, সহীহাহ্ ১৬৩৪, সহীহ আল জামি ১৭৬৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ أَكْمَلَهَا) অর্থাৎ- কিয়ামতের দিন ঐ একটি রহমাতকে তিনি পূর্ণতা দান করবেন যা তিনি দুনিয়াতে অবতীর্ণ করেছেন।

بِهٰذِهِ الرَّحْمَةِ) অর্থাৎ- যা তিনি পিছিয়ে রেখেছেন তা দিয়ে। পরিশেষে যা একশত রহমাতে পরিণত হবে, অতঃপর তা দ্বারা তাঁর মু'মিন বান্দাদের প্রতি তিনি দয়া করবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=56926}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন